# সেন্টার ফর কমিউনিটি ডেভেলপমেন্ট এসিসটেন্স (সিসিডিএ)

## জরুরি নিয়োগ বিজ্ঞপ্তি

সেন্টার ফর কমিউনিটি ডেভেলপমেন্ট এসিসটেন্স (সিসিডিএ) এমআরএ কর্তৃক সনদপ্রাপ্ত (সনদ নং: ০১০৩২-০১৭৮৮-০০২৪৫), পিকেএসএফ, বিভিন্ন ব্যাংক এবং দাতাসংস্থার আর্থিক সহায়তায় পরিচালিত জাতীয় পর্যায়ের একটি দরিদ্র-বান্ধব, অরাজনৈতিক এবং অলাভজনক উন্নয়ন সংস্থা তার কার্যক্রম পরিচালনা ও সম্প্রসারণের জন্য নিম্নোক্ত পদসমূহে সৎ, যোগ্য ও পরিশ্রমী বাংলাদেশি নাগরিকদের নিকট আবেদনপত্র আহ্বান করছে।

| ক্র. নং | পদের নাম ও অন্যান্য | আবেদনের যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য |
|---|---|---|
| ০১ | **উপ-পরিচালক (কার্যক্রম)**<br>**পদ সংখ্যা:** ০১<br>**বেতন:** যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে আলোচনা সাপেক্ষ।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৫০ বছর | • প্রার্থীদেরকে ন্যূনতম স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী হতে হবে। কোনো পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ অথবা সিজিপিএ ২.৫০-এর কম গ্রহণযোগ্য নয়।<br>• এমআরএ কর্তৃক সনদপ্রাপ্ত এবং পিকেএসএফ এর সহযোগী যেকোনো ক্ষুদ্র-অর্থায়নকারী প্রতিষ্ঠানে ১৫ বছরের অভিজ্ঞতাসহ সমপদে কমপক্ষে ২ বছর এবং ৭০-৮০ টি শাখা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০২ | **উপ-পরিচালক (প্রকল্প)**<br>**পদ সংখ্যা:** ০১<br>**বেতন:** যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে আলোচনা সাপেক্ষ।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৫০ বছর | • প্রার্থীদেরকে ন্যূনতম স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী হতে হবে। কোনো পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ অথবা সিজিপিএ ২.৫০-এর কম গ্রহণযোগ্য নয়।<br>• এমআরএ কর্তৃক সনদপ্রাপ্ত এবং পিকেএসএফ এর সহযোগী যেকোনো ক্ষুদ্র-অর্থায়নকারী প্রতিষ্ঠানে ১৫ বছরের অভিজ্ঞতাসহ সমপদে কমপক্ষে ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩ | **এলাকা ব্যবস্থাপক (কার্যক্রম)**<br>**পদ সংখ্যা:** ০৫<br>**বেতন:** যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে আলোচনা সাপেক্ষ।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৪২ বছর | • প্রার্থীদেরকে ন্যূনতম স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী হতে হবে। কোনো পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ অথবা সিজিপিএ ২.৫০-এর কম গ্রহণযোগ্য নয়।<br>• এমআরএ কর্তৃক সনদপ্রাপ্ত এবং পিকেএসএফ এর সহযোগী যেকোনো ক্ষুদ্র-অর্থায়নকারী প্রতিষ্ঠানে ১০ বছরের অভিজ্ঞতাসহ সমপদে কমপক্ষে ২ বছর এবং ৫-৮ টি শাখা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪ | **সিনিয়র ব্যবস্থাপক/ব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)**<br>**পদ সংখ্যা:** ০১<br>**বেতন:** যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে আলোচনা সাপেক্ষ।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৪০ বছর | • প্রার্থীদেরকে ন্যূনতম স্নাতোকত্তর/সমমানের ডিগ্রিধারী হতে হবে। কোনো পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ অথবা সিজিপিএ ২.৫০-এর কম গ্রহণযোগ্য নয়।<br>• পদ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতোকোত্তর ডিগ্রিধারী অথবা পোস্ট-গ্রাজুয়েট ডিপ্লোমা সম্পন্নকারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>• সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৮ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>• এমআরএ কর্তৃক সনদপ্রাপ্ত এবং পিকেএসএফ এর সহযোগী যেকোনো ক্ষুদ্র-অর্থায়নকারী প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৫ | **কর্মসূচি কর্মকর্তা (শাখা ব্যবস্থাপক)**<br>**পদ সংখ্যা:** ৩০<br>**বেতন:** যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে আলোচনা সাপেক্ষ।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩৫ বছর | • প্রার্থীদেরকে ন্যূনতম স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী হতে হবে। কোনো পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ অথবা সিজিপিএ ২.৫০-এর কম গ্রহণযোগ্য নয়।<br>• এমআরএ কর্তৃক সনদপ্রাপ্ত এবং পিকেএসএফ এর সহযোগী যেকোনো ক্ষুদ্র-অর্থায়নকারী প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতাসহ শাখা ব্যবস্থাপক পদে কমপক্ষে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৬ | **আইটি অফিসার**<br>**পদ সংখ্যা:** ০৩<br>**বেতন:** যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে আলোচনা সাপেক্ষ।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩৫ বছর | • প্রার্থীদেরকে কম্পিউটার সায়েন্স/সিএসই (CSE) বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। কোনো পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ অথবা সিজিপিএ ২.৫০-এর কম গ্রহণযোগ্য নয়।<br>• সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৫ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>• এমআরএ কর্তৃক সনদপ্রাপ্ত এবং পিকেএসএফ এর সহযোগী যেকোনো ক্ষুদ্র-অর্থায়নকারী প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৭ | **শাখা হিসাবরক্ষক**<br>**পদ সংখ্যা:** ৩০<br>**বেতন:** স্থায়ীকরণের পরে ৩০,৪৯৪/- থেকে ৩২,৯৩১/- (শিক্ষানবিশকালে ১৫,০০০/- থেকে ১৭,০০০/-)<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩৫ বছর | • প্রার্থীদেরকে হিসাববিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। কোনো পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ অথবা সিজিপিএ ২.৫০-এর কম গ্রহণযোগ্য নয়।<br>• এমআরএ কর্তৃক সনদপ্রাপ্ত এবং পিকেএসএফ এর সহযোগী যেকোনো ক্ষুদ্র-অর্থায়নকারী প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৮ | **প্রশিক্ষণার্থী মাঠ কর্মকর্তা (ট্রেইনি ফিল্ড অফিসার)**<br>**পদ সংখ্যা:** ৫০<br>**বেতন:** স্থায়ীকরণের পরে ২৮,০৫৭/- থেকে ৩২,৯৩১/- (শিক্ষানবিশকালে ১৫,০০০/- থেকে ১৭,০০০/-)<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩০ বছর | • প্রার্থীদেরকে এইচএসসি/স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। কোনো পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ অথবা সিজিপিএ ২.৫০-এর কম গ্রহণযোগ্য নয়।<br>• এমআরএ কর্তৃক সনদপ্রাপ্ত এবং পিকেএসএফ এর সহযোগী যেকোনো ক্ষুদ্র-অর্থায়নকারী প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।<br>• স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে কাজের দক্ষতা প্রমাণ সাপেক্ষে চাকরি নিশ্চিতকরণের সময় উচ্চতর পদে পদায়ন প্রাপ্তির সুযোগ রয়েছে। |

**সংশ্লিষ্ট বিষয়সমূহ:**

- সকল পদে অধিক যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য।
- সকল পদের প্রার্থীদের অবশ্যই পরিশ্রমী, আদর্শবান, সৎ চরিত্রের অধিকারী এবং কর্তব্য পালনে দায়িত্ববোধসম্পন্ন হতে হবে।
- গ্রাম/প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র মানুষের সাথে কাজ করার মানসিকতা এবং বাংলাদেশের যেকোনো স্থানে কাজ করার ইচ্ছে থাকতে হবে
- সকল পদে কম্পিউটারে ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, বাংলা ও ইংরেজি টাইপিং, ইন্টারনেট ব্যবহার এবং মাইক্রোফিন-৩৬০ (ডাটাসফট) সফটওয়্যার জানা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ক্রমিক ১ থেকে ৫ এর প্রার্থীদের জন্য কর্ম-সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রতিবেদন লেখার দক্ষতা ও ক্রমিক ৩ ও ৫ এর প্রার্থীদের মোটরসাইকেল চালিয়ে দায়িত্ব পালন বাধ্যতামূলক এবং ক্রমিক ৮ এর প্রার্থীদের বাই-সাইকেল/মোটরসাইকেল চালিয়ে দায়িত্ব পালন বাধ্যতামূলক। সংশ্লিষ্টদের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের সংস্থায় যোগদানের সময় মা/বাবা/আপন ভাই/বোন/নিকটতম আত্মীয় (০২ জন)-কে জামিনদার হিসেবে নিশ্চয়তা প্রদান করতে হবে এবং সংস্থার নিয়মানুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে) জামানত প্রদান করতে হবে, যা নির্দিষ্ট মেয়াদান্তে সংস্থা ত্যাগকালে সংস্থার প্রচলিত নীতিমালা অনুযায়ী লভ্যাংশসহ ফেরত প্রদান করা হবে।
- সকল পদের জন্য শিক্ষানবিশ/প্রশিক্ষণকাল সর্বোচ্চ ৬ মাস, তবে কর্মক্ষেত্রে দক্ষতার ভিত্তিতে শিক্ষানবিশকাল হ্রাস/বৃদ্ধি করা হতে পারে।

**অন্যান্য সুবিধাদি:**

- শাখা পর্যায়ে বিনামূল্যে একক আবাসন সুবিধা।
- চাকুরি স্থায়ীকরণের পর সংস্থার নীতিমালা অনুযায়ী ছুটি, উৎসব বোনাস (২টি), বৈশাখি ভাতা, বার্ষিক বেতনবৃদ্ধি, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, কর্মী কল্যাণ তহবিল, লাঞ্চ ভাতা, মোবাইল বিল, মোটরসাইকেল জ্বালানি ও রক্ষণাবেক্ষণ ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে), ভ্রমণ ভাতা, চিকিৎসা অনুদান, মৃত্যু/দুর্ঘটনাজনিত (বীমা সুবিধার ন্যায়) আর্থিক সহায়তা ও সন্তানদের জন্য শিক্ষা বৃত্তি, বাই-সাইকেল/মোটরসাইকেল ক্রয় বাবদ সুদবিহীন ঋণ সুবিধাসহ সংস্থার বিধি মোতাবেক অন্যান্য সুযোগ সুবিধা প্রযোজ্য হবে।

**আবেদন প্রক্রিয়া:**

উপরোল্লিখিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণ আবেদনপত্র, দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ, নাগরিকত্ব সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের ফটোকপিসহ **আগামী ১২ই অক্টোবর, ২০২৫** তারিখের মধ্যে **নির্বাহী পরিচালক, সেন্টার ফর কমিউনিটি ডেভেলপমেন্ট এসিসটেন্স (সিসিডিএ), সিসিডিএ ভবন, ১/৮, ব্লক: জি, লালমাটিয়া হাউজিং এস্টেট, মোহাম্মদপুর, ঢাকা: ১২০৭** বরাবর, অথবা **ccdarecruitment@gmail.com** এই ঠিকানায় ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে পারবেন। খামের উপর/ই-মেইলের বিষয়ে পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

***সিসিডিএ কর্তৃপক্ষ অত্র নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধন/সংযোজন/বাতিল/শর্ত শিথিল করার ক্ষমতা সংরক্ষণ করে। কেবল প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। পরীক্ষায় অংশগ্রহণকারীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। কোনো অনৈতিক পন্থায় অত্র প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির সুযোগ নেই বিধায় প্রার্থীদের কোনোরূপ অনৈতিক পন্থা অবলম্বন বা আর্থিক লেনদেন করা হতে বিরত থাকার পরামর্শ দেয়া হলো।***